

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/২৮১—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

(১৯৯০১)

মূল্য : টাকা ৪.০০

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার মিরপুর থানার দ্বিগুন মৌজার আর এস দাগ নং ৬৪ ও ৬৫ এ অবস্থিত প্লটের ড্যাপে নির্দেশিত রোড নেটওয়ার্ক ও ওয়াটার বন্ডি অক্ষুণ্ণ রেখে বাস্তবতার নিরিখে শুধুমাত্র Open Space হিসেবে চিহ্নিত অংশের ভূমি ব্যবহার Institutional Zone হিসেবে পরিবর্তনের অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক

সিনিয়র সহকারী প্রধান

বিশেষ দ্রষ্টব্য : ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।